

## কারিগরদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ দিচ্ছে প্রকৌশল শিল্প মালিক সমিতি

৩০ ডিসেম্বর, ২০১৫ ইং

দেশের হালকা প্রকৌশল শিল্পে কর্মরত কারিগরদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ প্রকৌশল শিল্প মালিক সমিতি (বিইআইওএ) ‘কর্মসংস্থানে বিনিয়োগের জন্য দক্ষতা উন্নয়ন প্রকল্প’ (এসইআইপি) নামে এক কর্মসূচি হাতে নিয়েছে। এতে আর্থিক সহায়তা করছে বাংলাদেশ সরকার, এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ও সুইজারল্যান্ড সরকার। কর্মসূচির আওতায় দেশের বিভিন্ন কারখানায় কর্মরত কারিগরদের দক্ষতা উন্নয়নে ‘মাস্টার ক্রাফটসম্যানশিপ (আপস্কিলিং)’ কোর্সসহ মোট ৮টি কোর্সে ভিন্ন মেয়াদে ৮৯৪০ জনকে প্রশিক্ষণ দেয়া হবে। কর্মসূচির প্রথম পর্যায়ের কয়েকটি গ্রুপের প্রশিক্ষণ সমাপ্তি এবং সনদ বিতরণ অনুষ্ঠান গতকাল মঙ্গলবার বিইআইওএ মিলনায়তনে (২নং ফোল্ডার স্ট্রীট, ওয়ারী, ঢাকা) অনুষ্ঠিত হয়। ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) পরিচালক ও বাংলাদেশ প্লাস্টিক শিল্প সমিতির সভাপতি মোঃ জসিম উদ্দিন অনুষ্ঠানে প্রধান অতিথি, সমিতির উপদেষ্টা হাজী মোহাম্মদ ইসলাম উদ্দিন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিইআইওএ’র সভাপতি আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে এ অনুষ্ঠানে স্থানীয় সংসদ সদস্য ও প্রকল্পের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ ব্যবসায়ী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কারিগরদের এসব উন্নত প্রশিক্ষণের মাধ্যমে হালকা প্রকৌশল শিল্পে উতপাদন দক্ষতা ও পণ্যের গুণগত মান বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। উল্লেখ্য, বর্তমানে দেশের জিডিপিতে হালকা প্রকৌশল শিল্প শতকরা ২ ভাগেরও বেশি অবদান রাখছে। অনুষ্ঠানে জানানো হয়, সফলভাবে সম্পন্ন করা গেলে নির্দিষ্ট ৩ বছর মেয়াদের পরেও প্রকল্পটি চলমান রাখা যাবে। -প্রেসবিজ্ঞপ্তি